দৈনিক বাংলা

তারিখ 12 AUG 1992 পৃষ্ঠা ৫ কলাম ৩

29

12 AUG 1992

# শিক্ষা অফিসে উপরি ছাড়া কাজ হয় না

আমরা নারায়ণগঞ্জ সদর উপজেলাধীন বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ে বর্তমানে প্রায় ৫০০ (পাঁচ শত) শিক্ষক/শিক্ষিকা কর্মরত আছি। আমরা চাকুরি সংক্রান্ত (ইনক্রিমেন্ট, টাইমস্কেল, ফিক্সেশন, এরিয়া) ইত্যাদি প্রয়োজনে নারায়ণগঞ্জ সদর শিক্ষা অফিসে আসি। কিন্তু পরিতাপের বিষয়, অফিসের কর্মচারী সাহেবগণ ইনক্রিমেন্ট থেকে শুরু করে যে কোন সাধারণ কাজে উপরি নামের উৎকোচ দাবী করেন। এই উপরি ছাড়া কোন কাজ সম্পন্ন করানো প্রায় অসম্ভব হয়ে ওঠে। এমনও দেখা যায় একই কাজে দু-তিনবার পর্যন্ত তারা উপরি আদায় করে নেন। অথচ এসব কাজ সম্পন্ন করার দায়িত্ব তাদের উপরই ন্যস্ত। উদাহরণ হিসাবে উল্লেখ করা যায়, নতুন বেতন স্কেল নির্ধারণের জন্য যে ফিক্সেশানের প্রয়োজন তা আমাদের জানা মতে বাংলাদেশের সব উপজেলায়ই সম্পন্ন হয়েছে। কিন্তু নারায়ণগঞ্জ উপজেলা শিক্ষা অফিসে অদ্যাবধি এর কোনই অগ্রগতি লক্ষ্য করা যাচ্ছে না। এই ফিক্সেশানের জন্য আমাদের প্রতিজন শিক্ষক/শিক্ষিকাকেই ৭৫ (পঁচাত্তর) টাকা করে দিতে হয়েছে। ফিক্সেশান না হওয়ায় অনেকের ইনক্রিমেন্ট, টাইমস্কেল ইত্যাদি বন্ধ রয়েছে। আমরা এ ব্যাপারে তাদের কাছে (অফিসের কর্মচারীদের) জানতে চাইলে 'ট্রেজারী কাজ ধরছে না' এই অজুহাত দিয়ে সেরে যাচ্ছেন। আমরা শিক্ষক/শিক্ষিকারা চাকুরীর কথা চিন্তা করে তাদের বিরুদ্ধে কিছু বলতে সাহস পাচ্ছি না। আর এই সুযোগে তারা আমাদের উপর জুলুম করে যাচ্ছেন—এর কি কোন প্রতিকার নেই? এ ব্যাপারে আমরা সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের সুদৃষ্টি কামনা করছি।

নুর আলম
সহ শিক্ষক,
নারায়ণগঞ্জ সদর,
নারায়ণগঞ্জ